# ইসলামের নামে জঙ্গিবাদ

বিভাগ/অধ্যায়ঃ ৩. বিভ্রান্তির তাত্ত্বিক পর্যালোচনা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ১১. ১. সমাজ ও রাষ্ট্রের করণীয় - (৩. ১১. ১. ১. কারণ নিয়ন্ত্রণ)

আমরা সহজেই বুঝি যে, কোনো কিছু নিয়ন্ত্রণ করতে হলে তার কারণগুলি নিয়ন্ত্রণ করা প্রয়োজন। জঙ্গিবাদের কয়েকটি মূল কারণ রয়েছে:
(১) সাম্রাজ্যবাদী নিপীড়ন, আগ্রাসন ও ষড়যন্ত্র,
(২) মুসলিম দেশে ইসলাম-দমন,
(৩) বেকারত্ব ও হতাশা এবং
(৪) ইসলামের শিক্ষার বিকৃতি।

প্রথম বিষয়টি আমাদের নিয়ন্ত্রণের বাইরে। যতদিন এরূপ আগ্রাসন, নিপীড়ন ও ষড়যন্ত্র থাকবে ততদিন যে কোনো দেশে কিছু মানুষ অজ্ঞতা ও আবেগের প্রেষণে উগ্রতায় লিপ্ত হয়ে যেতে পারেন। এরূপ সম্ভাবনা একেবারে রহিত করা যায় না। অনুরূপভাবে যে মুসলিম দেশের ভৌগলিক বা অর্থনৈতিক গুরুত্ব আছে সে দেশে আধিপত্য বিস্তার করতে বা সে দেশের সরকারকে ছাড় দিতে বাধ্য করতে কিছু "জঙ্গি" তৈরি করা সাম্রাজ্যবাদী শক্তির জন্য অত্যন্ত সহজ ও কার্যকরী পন্থা। তবে আমরা বাকি তিনটি কারণ নিয়ন্ত্রণ করতে পারি এবং এতে প্রথম কারণটিও নিয়ন্ত্রিত হয়ে যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6936

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন